

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৩৫(আগরতলা ৯।০৫)

বিশালগড়, ৯ মে, ২০২৪

বিশালগড় মহকুমা ভিত্তিক রবীন্দ্র জন্মজয়ন্তী

বিশালগড় মহকুমার লক্ষ্মীবিলস্থিত সরকারি উচ্চ বিদ্যালয়ে গতকাল বিশালগড় মহকুমা ভিত্তিক রবীন্দ্র জন্মজয়ন্তী উদযাপিত হয়। বিশালগড় মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা জুয়েল দেববর্মা। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশালগড় মহকুমার মহকুমা শাসক রাকেশ চক্রবর্তী। তিনি রবীন্দ্রনাথ ঠাকুরের জীবন ও সাহিত্য নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

অনুষ্ঠানে রবীন্দ্র নৃত্যনাট্য, সংগীত, নৃত্য, আবৃত্তি সহ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন বিদ্যালয়ের ছাত্রছাত্রী সহ মহকুমার শিল্পীগণ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি আধিকারিক কাকলি ভৌমিক। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের এসএমসি কমিটির চেয়ারম্যান শ্যামল দেবনাথ সহ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাগণ। তাছাড়াও রবীন্দ্র জয়ন্তী উপলক্ষে গতকাল সকালে অফিসটিলা, বিশালগড় মোটরস্ট্যান্ড এবং বিশালগড় দ্বাদশ শ্রেণী বিদ্যালয়স্থিত রবীন্দ্রনাথ ঠাকুরের মূর্তিতে মাল্যদান করা হয়। এছাড়াও এ উপলক্ষে গতকাল বিশালগড় দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে একটি বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতা শেষে সকলের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।
